দৈনিক
ইত্তেফাক
4 JUN 2017

# প্রতিবন্ধীদের উন্নয়নে চাই শিক্ষা ও কর্মসংস্থানে প্রবেশগম্যতা বৃদ্ধি

## সংবাদ সম্মেলনে বিশেষজ্ঞরা

■ ইত্তেফাক রিপোর্ট

প্রতিবন্ধীদের উন্নয়নে ভাতা নয় প্রয়োজন শিক্ষা ও কর্মসংস্থানে প্রবেশগম্যতা বৃদ্ধি। অর্থনৈতিক কর্মকাণ্ডে যুক্ত করে মূলধারায় সম্পৃক্ত করতে তাদের শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণের উপর জোর দিতে হবে। আর এই জন্য বাজেটে বরাদ্দ পুনর্বিবেচনার তাগিদ দেয়া হয়েছে।

গতকাল শনিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে ঘোষিত বাজেটে প্রতিবন্ধী ব্যক্তির অবস্থান বিষয়ে সংবাদ সম্মেলনে এই তাগিদ দেন সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষজ্ঞরা। অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন ও বাংলাদেশ ডিআরএফ গ্রান্টি কো-অর্ডিনেশন কমিটি যৌথভাবে 'জাতীয় বাজেট ২০১৭-১৮: প্রতিবন্ধী ব্যক্তিদের অবস্থান' বিষয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করে।

অনুষ্ঠানে লিখিত বক্তব্য পাঠ করেন অ্যাকসেস বাংলাদেশের নির্বাহী পরিচালক আলবার্ট মোল্লা, অনুষ্ঠান পরিচালনা করেন এটুআই-এর প্রতিবন্ধী বিষয়ক উপদেষ্টা ভাস্কর ভট্টাচারিয়া, অ্যাকসেস বাংলাদেশের ভাইস চেয়ারপারসন মহুয়া পাল, সমাপণী বক্তব্য দেন বিভপসের সাধারণ সম্পাদক নাজমা আরা বেগম পপি।

মূল প্রবন্ধে আলবার্ট মোল্লা বাজেট পরবর্তী প্রতিক্রিয়ায় প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য নানামুখী কার্যক্রমের বিপরীতে মোট ১০১৭ কোটি টাকা বরাদ্দের প্রস্তাবকে স্বাগত জানান। তিনি বাজেটকে একটি গতানুগতিক বাজেট আখ্যা দিয়ে বলেন, প্রতিবন্ধী ব্যক্তিদের চাহিদার তুলনায় বরাদ্দ খুবই অপ্রতুল। তিনি বলেন, সামাজিক নিরাপত্তা ও সামাজিক ক্ষমতায়ন খাতের বরাদ্দের মাত্র ১.৭৬ শতাংশ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বরাদ্দ দেয়া হয়েছে। প্রতিবন্ধী ব্যক্তিদের বাজেট বরাদ্দ সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মধ্যে সীমাবদ্ধ থাকে। প্রতিবছর যে বাজেট বরাদ্দ হচ্ছে তা প্রতিবন্ধী ব্যক্তিদের প্রয়োজনীয়তার নিরিখে হচ্ছে না।

অনুষ্ঠানে বক্তারা কিছু দাবি পুনর্বিবেচনা করতে অনুরোধ করেন। তার মধ্যে অন্যতম প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করতে উপবৃত্তির সংখ্যা যৌক্তিক পর্যায়ে বাড়ানো, প্রতিবন্ধী ব্যক্তিদের মানব সম্পদে পরিণত করতে দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থানে বাজেট বরাদ্দ, প্রতিবন্ধী ক্রীড়া কমপ্লেক্স নির্মাণ শুরু, ডিজিটাল বাংলাদেশের সকল সেবায় প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্ত করতে তথ্য-প্রযুক্তি সেবাসহ সকল ওয়েবসাইট, সরকারি ই-সার্ভিস প্রতিবন্ধী ব্যক্তিদের উপযোগীকরণ ও ভৌত অবকাঠামোগত প্রবেশগম্যতা নিশ্চিত করতে বাজেট বরাদ্দ, প্রবেশগম্য পরিবহন আমদানির ব্যবস্থা, বাক্ ও শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ইশারা ভাষা গবেষণা ইনস্টিটিউট স্থাপন, প্রতিবন্ধী উদ্যোক্তা উন্নয়ন তহবিলে বরাদ্দ, শিশু বাজেটের ন্যায় প্রতিবন্ধী ব্যক্তিদের বিষয়ে প্রতিবেদন প্রকাশ, প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তির জন্য মন্ত্রণালয়ভিত্তিক বাজেট বরাদ্দ। বক্তারা বরাদ্দকৃত বাজেট যথাযথভাবে বাস্তবায়নের উপর জোর দিতে বলেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর